

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২ (শৃঙ্খলা)

গোপনীয়

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৫৬/(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/

তারিখঃ ১৬.০৬.২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব অমিতাভ বচ্চন হীরা, ব্যবস্থাপক(মুখ্য কর্মকর্তা), বিকেবি, কুড়িয়ানা শাখা, পিরোজপুর ইতিপূর্বে গোপালগঞ্জ অঞ্চলস্থানীয় বিকেবি, রামদিয়া শাখায় দ্বিতীয় কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ), (ঘ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও প্রতারণা / আত্মসাতমূলক অপরাধের জন্য ১৩/১৭-১৮ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রঞ্জু করিয়া ২২.১১.২০১৭ খ্রিঃ তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৫৬/২০১৭-২০১৮/১৭৩৬ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব অমিতাভ বচ্চন হীরা, আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরু দণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দণ্ডে দণ্ডিত করা হইবে না-এই মর্মে ২১.০১.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৫৬/(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/২২৫৪ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব অমিতাভ বচ্চন হীরা অত্র বিভাগের ২১.০১.২০১৯ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ১২.০২.২০১৯ খ্রিঃ তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব অমিতাভ বচ্চন হীরা আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা, দুর্নীতি ও আত্মসাত/ প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ লঘুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (ক)(আ) প্রবিধি মোতাবেক আপনার পরবর্তী ২ (দুই) টি বার্ষিক বেতন বর্ধন (০১-০৭-২০১৯ ও ০১.০৭.২০২০ তারিখে প্রাপ্য) আগামী ৩০-০৬-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থগিত রাখার জন্য আদেশ দিলেন।

০৬। এছাড়া, কর্তৃপক্ষ উপরোক্ত রায় সংশ্লিষ্ট বিষয়ে নিম্নোক্ত প্রশাসনিক নির্দেশ দিলেন :

ক) প্রশাসন পরিপত্র নং-০৭/২০১২ তারিখঃ ১৫-১২-১৪১৮ বঙ্গাব্দ/২৯-০৩-২০১২ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত "বাংলাদেশ কৃষি ব্যাংক" কর্মকর্তা-কর্মচারী পদোন্নতি নীতিমালা, ২০১২ এর ১.৭(গ)(১)(২) উপ-বিধি অনুযায়ী দত্ত ভোগের সময়কালীন এবং দত্ত ভোগের মেয়াদ অতিবাহিত হওয়ার পরও ০১(এক) বৎসরের জন্য অর্থাৎ ৩০-০৬-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত আপনি জনাব অমিতাভ বচ্চন হীরা পদোন্নতির যোগ্য বলে বিবেচিত হইবেন না।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব অমিতাভ বচ্চন হীরা, (এ-৭৪২১)

ব্যবস্থাপক (মুখ্য কর্মকর্তা)

বাংলাদেশ কৃষি ব্যাংক

কুড়িয়ানা শাখা, পিরোজপুর।

স্বাক্ষরিত

(দুৎফুন নাহার নাজ)

উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৫৬/(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/

তারিখঃ ১৬.০৬.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।

০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।

০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।

০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

০৮। উপ-মহাব্যবস্থাপক, পরিদারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, পিরোজপুর। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব অমিতাভ বচ্চন হীরা এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

১০। ব্যবস্থাপক, বিকেবি, রামদিয়া শাখা, গোপালগঞ্জ।

১১। নথি/মহানথি/মূলনথি।

(মোঃ আব্দুর রউফ)

সহকারী মহাব্যবস্থাপক